দৈনিক ইত্তেফাক

তারিখ 23 FEB 2016
পৃষ্ঠা ৮ ৫ কলাম ৩-৬

# রাঙামাটি মেডিক্যাল কলেজ সরিয়ে নিলে অসহযোগ আন্দোলন

■ রাঙামাটি প্রতিনিধি

রাঙামাটি মেডিক্যাল কলেজ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অন্যত্র সরিয়ে নেয়া হলে লাগাতার হরতালসহ অসহযোগ আন্দোলনের মাধ্যমে পার্বত্যাঞ্চলকে বিচ্ছিন্ন করে দেয়ার হুমকি দিয়েছে স্থানীয় বাঙালি সংগঠনগুলো। গতকাল রবিবার সকাল ১০টায় রাঙামাটি সাংবাদিক ফোরাম কার্যালয়ে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে পার্বত্য গণপরিষদ, পার্বত্য চট্টগ্রাম সম-অধিকার আন্দোলন, পার্বত্য ছাত্র ঐক্য পরিষদ ও পার্বত্য চট্টগ্রাম সম-অধিকার ছাত্র আন্দোলনের নেতারা এই ঘোষণা দেন। সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন পার্বত্য গণপরিষদের চেয়ারম্যান জালাল উদ্দিন চৌধুরী আলমগীর, পার্বত্য চট্টগ্রাম সম-অধিকার আন্দোলনের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট আবছার আলী, পার্বত্য ছাত্র ঐক্য পরিষদের সভাপতি উজ্জল পাল, পার্বত্য চট্টগ্রাম সম-অধিকার ছাত্র আন্দোলনের সাংগঠনিক সম্পাদক তাজুল ইসলাম নাজিম প্রমুখ।

নেতারা বলেন, বহু প্রতিক্ষার পর সরকার রাঙামাটি মেডিক্যাল কলেজ স্থাপন করেছে। এতেও জনসংহতি সমিতির অভিযোগ। অথচ পার্বত্য চুক্তির কোন ধারায় রাঙামাটিতে মেডিক্যাল কলেজ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করা যাবে না বলে উল্লেখ নেই। অবিলম্বে রাঙামাটি মেডিক্যাল কলেজ অন্যত্র সরিয়ে নেয়ার ষড়যন্ত্র বন্ধ এবং কার্যক্রম দ্রুত চালু করার আহবান জানান নেতারা।